অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল মনরো কাউন্টির গ্রিস শহরে 1.1 মিলিয়ন ডলার ব্যয়ের বন্যার বিরুদ্ধে স্থিতিস্থাপকতা বৃদ্ধির প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা করেছেন

কমিউনিটি পার্কের ভবিষ্যতের উচ্চ-পানির কারণে হওয়া ক্ষতি হ্রাস করতে নতুন ইনস্টল করা ফ্লাডওয়াল

ঝড়ের নিকাশী ব্যবস্থা উন্নতি এজমোর রোড বরাবর রাস্তা সুরক্ষিত রাখবে এবং কাছাকাছি বাড়ি ও ব্যবসাগুলির অ্যাকসেস নিশ্চিত করবে

নির্বাচিত প্রকল্পগুলি রাজ্যের 300 মিলিয়ন ডলারের স্থিতিশীলতা ও অর্থনৈতিক বিকাশ উদ্যোগের অংশ

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোচুল আজকে রাজ্যের স্থিতিশীলতা এবং অর্থনৈতিক বিকাশ উদ্যোগের (Resiliency and Economic Development Initiative, REDI) অংশ হিসেবে মনরো কাউন্টির গ্রিস শহরে 1.1 মিলিয়ন ডলার ব্যয়ের ফ্লাডওয়াল প্রকল্পের নির্মাণ কাজ শেষ হয়েছে বলে ঘোষণা করেছেন। উচ্চ হ্রদের পানির মাত্রার কারণে বার বার হওয়া জলোচ্ছ্বাস লং পন্ড আউটলেটের আশেপাশের পরিকাঠামোর জন্য একটি অব্যাহত ঝুঁকি হয়ে থেকেছে, যা এই অঞ্চলগুলিকে বাসিন্দা এবং জরুরি পরিষেবার কর্মীদের জন্য অগম্য করে তুলেছে, নিকটবর্তী এজিমেয়ার ড্রাইভের অবনতি ঘটিয়ে। উচ্চ পানির ইভেন্টের সময়, প্রায় 300 বাড়িতে পরিবেশন করা একটি পাশ্ববর্তী স্থানে চ্যানেল পার্ক ডুবে যায়। বন্যা পার্ক ও খেলার মাঠের সরঞ্জামকে নেতিবাচকভাবে প্রভাবিত করে এবং লেক শোর ফায়ার ডিস্ট্রিক্ট বোট লঞ্চকে অব্যবহারযোগ্য করে তোলে, জরুরি প্রতিক্রিয়ায় সক্ষমতার সাথে আপোস করে। পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department Of Environmental Conservation, DEC) এবং গ্রিস শহর এই প্রকল্পটিতে সহযোগিতা করে নিশ্চিত করার জন্য যে এটি সম্প্রদায়ের সম্পদ এবং পরিবেশ উভয়কেই সুরক্ষিত করে।

"2019 সালের ঐতিহাসিক বন্যার সময় অন্টারিও হ্রদের তীরবর্তী সম্পত্তিগুলি বিধ্বস্ত হয়েছিল এবং নিউ ইয়র্ক স্টেট এই অঞ্চল জুড়ে অতিরিক্ত স্থিতিশীলতার প্রয়োজনীয়তাকে স্বীকৃতি দিয়েছিল," **গভর্নর হোচুল বলেন।** "REDI কর্মসূচির মাধ্যমে, আমরা সরকারী পরিকাঠামোর উপর ভবিষ্যতে বন্যার প্রভাব হ্রাস করার পাশাপাশি নিউ ইয়র্কবাসীদের বাড়িগুলি রক্ষার জন্য

দ্রুত ও কার্যকরভাবে ভাবে কাজ করছি। "আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার এই সম্প্রদায়ের মানুষদের রক্ষা করা - গ্রিস শহরের এই প্রকল্পগুলি বন্যা কমাতে, বাড়িগুলি রক্ষা করতে, নিরাপত্তা বাড়াতে এবং একটি টেকসই পরিকাঠামো তৈরি করতে সাহায্য করবে।"

চ্যানেল পার্ক প্রকল্পের জন্য প্রশমন ও পুনরুজ্জীবন ব্যবস্থার মধ্যে রয়েছে:

- বন্যার জল আটকাতে এবং পার্কের একটি সুবিধা হিসেবে কাজ করতে 251 ফুট উচ্চতায় একটি পাথরের ফ্লাডওয়াল স্থাপন;
- পানির ক্ষতি থেকে রক্ষা করতে এবং উচ্চ পানির ঘটনার সময় ব্যবহার নিশ্চিত করতে বন্যা স্তরের উপরে নতুন খেলার মাঠের সরঞ্জাম স্থানান্তর ও স্থাপন;
- আরও কার্যকর বন্যা নিয়ন্ত্রণের জন্য একটি কন্ট্রোল ভালভ এবং বাইপাস পাইপ সহ ঝড় নিকাশি ব্যবস্থার উন্নতি; এবং
- উন্নত সড়ক অ্যাক্সেসের জন্য পার্কিং লট স্থানান্তর এবং ভবিষ্যতে বন্যার ঘটনাগুলির সময় বালির ব্যাগের আরও নিরাপদ ও দক্ষ বিতরণ।

প্রকল্পের সমাপ্তি সম্প্রদায় এবং পরিবেশের চাহিদাগুলিকে মিলিয়ে দেয়, উন্নত অ্যাক্সেসযোগ্যতা, নিরাপদ যানবাহনের অ্যাক্সেস, সেই সাথে নতুন পথচারী এবং খেলার মাঠের সুবিধা নিয়ে আসে। উপরন্তু, পানি এবং জমির মধ্যে প্রাকৃতিক ইন্টারফেস আবাসস্থল বজায় রাখে, যা বন্যপ্রাণীদের উন্নতি অব্যাহত রাখতে দেয়।

উপরন্তু, গভর্নর হোচুল ঘোষণা করেছেন যে গ্রিস শহরে 250,000 ডলারের REDI-এর অর্থায়নে স্টর্ম সিউয়ার প্রকল্পের নির্মাণ কাজ চলছে। এজমেয়ার রোড দক্ষিণে পুকুর এবং উত্তরে লেক অন্টারিওর দ্বারা বেষ্টিত, যার ফলে এটি বন্যা এবং ক্ষয়-ক্ষতির ঝুঁকিতে থাকে। রাস্তাটি অসংখ্য বাড়ি এবং স্থানীয় ব্যবসার জন্য একটি প্রধান প্রবেশ পথ। ঝড়ের ঘটনাগুলির সময়, নিম্ন স্থান হওয়ার কারণে রাস্তাটি একাধিক স্থানে বন্যার কবলে পরে এবং এই বন্যা বাসস্থানে পৌঁছানো কঠিন করে তোলে, জরুরী যানবাহন চলাচলে বাধা দেয়। ক্র্যানবেরি পুকুর সংলগ্ন টাউন পার্কে গ্রিস শহরের নেতৃত্বাধীন প্রকল্পটি রিগ্রেডিং, ইতিবাচক নিষ্কাশন এবং ডিসচার্জ ভালভিং এর মাধ্যমে ভবিষ্যতের অত্যাধিক বন্যাকে প্রশমিত করবে। প্রকল্পটিতে একটি নিষ্কাশন কাঠামো অন্তর্ভুক্ত রয়েছে, যা শহরকে স্টর্ম সিউয়ার সিস্টেম থেকে ক্র্যানবেরি পুকুরে উপচে পরা পানি পাম্প করতে সক্ষম করবে, সেই সাথে রিপ্রাপ শোরলাইন সুরক্ষা সক্ষম করবে। এই আপগ্রেডগুলি অত্যাধিক বন্যা প্রশমিত করবে, যা রাস্তা এবং বিপরীত দিকের বাড়িগুলিকে পানির ক্ষতি থেকে রক্ষা করবে। উপরন্তু, এটি জরুরী প্রতিক্রিয়াকারীদের জন্য রাস্তা খোলা রাখতে দেবে। বিদ্যমান কার টপ বোট লঞ্চ উপলব্ধ থাকবে।

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং REDI কমিশনের (REDI Commission) সহ-সভাপতি বেসিল সেগস বলেন, "নিউ ইয়র্কের REDI প্রোগ্রাম ঐতিহাসিকভাবে উচ্চ পানি এবং চরম আবহাওয়ার ঘটনার দ্বারা ক্ষতিগ্রস্ত লেক অন্টারিও উপকূলীয় সম্প্রদায় জুড়ে কৌশলগত বন্যার বিরুদ্ধে সুরক্ষা ও স্থিতিশীলতার প্রকল্পগুলিকে এগিয়ে নিয়ে চলেছে। লং পন্ড আউটলেট ফ্লাডওয়ালের মতো মূল পরিকাঠামো উন্নয়ন প্রকল্পগুলি সনাক্ত ও বাস্তবায়নের জন্য গ্রিস শহর ও মনরো কাউন্টির

কর্মকর্তাদের সাথে সহযোগিতা করে DEC এমন প্রকল্পগুলিতে বিনিয়োগ করছে যা আরও বুদ্ধিমান ও শক্তিশালী পুনর্নির্মাণের মাধ্যমে বন্যার বিরুদ্ধে সুরক্ষাকে শক্তিশালী করবে।"

একজিকিউটিভ ডেপুটি সেক্রেটারি অব স্টেট ব্রেনডান সি. হিউজ বলেন, "নিউ ইয়র্ক স্টেট REDI প্রোগ্রামের মাধ্যমে লেক ওন্টারিওর সম্প্রদায়গুলিকে তাদের জলপথ পুনরুজ্জীবিত করতে এবং ভবিষ্যতের বন্যা মোকাবেলায় শক্তিশালী করতে সাহায্য করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে। গ্রিস শহরে চ্যানেল পার্ক প্রকল্পের সমাপ্তি উচ্চ পানির ঘটনা থেকে এই কমিউনিটি পার্ককে রক্ষা করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপকে চিহ্নিত করে। REDI অঞ্চল জুড়ে স্থানীয় সরকারের সাথে সক্রিয় অংশীদার হতে পেরে DOS গর্বিত, অন্যান্য DOS প্রোগ্রামের মাধ্যমে আরও স্থিতিস্থাপক সম্প্রদায় গড়ে তোলার অঙ্গীকার অব্যাহত রেখে।"

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেসের (State Division of Homeland Security and Emergency Services) ভারপ্রাপ্ত কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গ্রিসে এই REDI প্রকল্পগুলি নিরাপত্তা বাড়ানোর জন্য গুরুত্বপূর্ণ, কারণ তারা হ্রদের তীর বরাবর সম্প্রদায়গুলিতে নিরবচ্ছিন্ন অ্যাক্সেস প্রদান করে। ভবিষ্যতের বন্যার পানি ব্যক্তিগত সম্পত্তি এবং সরকারি পরিকাঠামোকে প্রভাবিত করা প্রশমিত করার ব্যবস্থা তৈরি করে, আমরা নিউ ইয়র্ককে বাড়ি বলা যাওয়ার জন্য আরও স্থিতিস্থাপক এবং নিরাপদ জায়গা করে তুলছি।"

স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (State Department of Labor) কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেছেন, "স্থিতিস্থাপকতা ও অর্থনৈতিক উন্নয়ন উদ্যোগ মারাত্মক বন্যায় ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের পরিকাঠামোর উন্নতি অব্যাহত রেখেছে। আমি গভর্নর হোচুলকে তার নিরাপত্তা ব্যবস্থায় অব্যাহত বিনিয়োগের জন্য সাধুবাদ জানাই যা ভবিষ্যতের প্রাকৃতিক দুর্যোগ থেকে সম্প্রদায়কে শক্তিশালী ও রক্ষা করে।"

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেছেন, "প্রতি বছর গ্রিসের বাড়ির মালিকরা ভাঙনের চ্যালেঞ্জ দ্বারা প্রভাবিত হয়। লং পন্ড আউটলেট প্রকল্পটি আমাদের বিনোদনমূলক এলাকার উপকূলরেখা রক্ষা করার জন্য সুরক্ষা ব্যবস্থা স্থাপন করবে। স্থায়িত্ব নিশ্চিত করার সাথে সাথে চ্যানেল পার্কের যা কিছুপরদান করার আছে তার সব কিছু উপভোগ করার জন্য বাসিন্দাদের আরও বেশি অ্যাক্সেস থাকবে। আমি আমাদের অঞ্চলের সমর্থনের জন্য স্থিতিস্থাপকতা এবং অর্থনৈতিক উন্নয়ন (Resiliency and Economic Development Commission) কমিশনের কাছে কৃতজ্ঞ, এবং আমি এই কাজের ইতিবাচক ফলাফলের জন্য উন্মুখ।"

অ্যাসেম্বলিম্যান জশ জেনসেন বলেছেন, "আমি আমাদের উপকূলীয় সম্প্রদায়গুলির স্থিতিস্থাপকতা নিশ্চিত করার জন্য পদক্ষেপ নেওয়ার জন্য রাজ্যের অব্যাহত অঙ্গীকারবদ্ধতার জন্য এবং লং পন্ড আউটলেটে চ্যানেল পার্ক প্রকল্পটি সম্পূর্ণ করার জন্য স্থানীয় সরকারের সাথে অংশীদারিত্বের উদ্দেশ্যে পদক্ষেপ নেওয়ার জন্য রাজ্যকে সাধুবাদ জানাই। নিউ ইয়র্ক স্টেটের এই বিনিয়োগ বাড়ির মালিক, প্রথম প্রতিক্রিয়াকারী এবং সম্প্রদায়ের সদস্যদের নিরাপদ বোধ করতে এবং লেক অন্টারিওর পরবর্তী উচ্চ-পানির ইভেন্টের জন্য আরও প্রস্তুত বোধ করতে সাহায্য করবে। চ্যানেল পার্কের জন্য অবিরত অ্যাক্সেস এবং স্থিতিশীলতা নিশ্চিত করা

বাসিন্দাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সর্বদা লঞ্চ সাইটে অবিচ্ছিন্ন অ্যাক্সেসের অনুমতি দেয়।"

কাউন্টি এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেছেন, "গ্রিসের লং পন্ড আউটলেট এবং চ্যানেল পার্কের এই স্থিতিস্থাপকতার প্রকল্পটি সরকারি পরিকাঠামোর উপর ভবিষ্যতের বন্যার প্রভাব প্রশমিত করতে এবং লেক অন্টারিওর উপকূলে বসবাসকারী বাসিন্দাদের রক্ষা করতে সহায়তা করবে৷ 2017 এবং 2019 সালের বন্যা আমাদের লেকশোর সম্প্রদায়ের দুর্বলতা তুলে ধরেছে। এই কাজটি জনস্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষায় এবং আমাদের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করে। আমি নিউ ইয়র্ক স্টেট, REDI কমিশন এবং গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই মনরো কাউন্টিতে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য।"

গ্রিস শহরের সুপারভাইজার উইলিয়াম রেইলিচ বলেছেন, "আমরা এখানে যা অর্জন করেছি তার জন্য আমি খুব গর্বিত। এই প্রকল্পটি পানির দ্বারা পানির দ্বারা ক্ষতিগ্রস্ত সরঞ্জাম সহ একটি বন্যা-প্রবণ পার্ককে একটি শোপিসে রূপান্তরিত করেছে যার জন্য আমরা আগামী বহু বছর ধরে গর্ব বোধ করতে পারি। পার্কিং, আলোকসজ্জা, এবং খেলার মাঠের সরঞ্জামের মতো নতুন উন্নত পরিকাঠামোর সুস্পষ্ট স্থিতিস্থাপকতা এবং পরিচালনার সুবিধাগুলি একাই এই বিনিয়োগের জীবনকে সর্বাধিক করে তুলবে, কিন্তু প্রকল্পটি আরও অনেক বেশি কিছু করেছে৷ নতুন বন্যার প্রাচীর পার্কের অবশিষ্ট এলাকাগুলিকে বন্যার হাত থেকে রক্ষা করবে, যা পার্কটিকে ব্যবহারযোগ্য করে তুলবে এবং বিঘ্ন হ্রাস করবে এবং উচ্চ পানির বছরগুলিতে এবং পরে ভূমির রক্ষণাবেক্ষণ ও পুনরুদ্ধারের খরচ কমাবে। আরও গুরুত্বপূর্ণ, নতুন বন্যার প্রাচীরটি পার্কের সামনের দিকে রাস্তার বন্যা প্রতিরোধ করবে, লেকশোর ফায়ার ডিস্ট্রিক্ট স্টেশনে রাস্তার ওপারে অবস্থিত জরুরি প্রতিক্রিয়াকারীদের জন্য অবিচ্ছিন্ন অ্যাক্সেস বজায় রাখবে। যদি সেগুলি সব যথেষ্ট না হয়ে থাকে, এই REDI প্রকল্পটি এই জনপ্রিয় ওয়াটারফ্রন্ট পার্কের সম্পূর্ণ পুনর্বাসন হয়ে দাঁড়িয়েছে, যার মধ্যে আছে আরও ভাল পার্কিং, নতুন হাঁটার পথ, নতুন আলোকসজ্জা, একটি বাইক র‍্যাক এবং একটি দুর্দান্ত নতুন খেলার মাঠ, যা ইতিমধ্যেই এলাকায় জনপ্রিয়। প্রকল্পটি একটি বিশাল সাফল্য, এবং আমরা সবাই এক সাথে কাজ করলে সরকার কী করতে পারে তার একটি উদাহরণ।"

অন্টারিও লেক এবং সেন্ট লরেন্স নদীর তীরে বন্যা হওয়ার প্রসারিত ধরণের প্রতিক্রিয়া হিসেবে নিউ ইয়র্ক স্টেট REDI প্রতিষ্ঠা করে উপকূলীয় কমিউনিটিগুলির স্থিতিশীলতা বৃদ্ধি করতে এবং অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন জোরদার করার জন্য। পাঁচটি REDI আঞ্চলিক পরিকল্পনা কমিটি যা আটটি কাউন্টির অংশগ্রহণে গঠিত (নায়াগ্রা এবং অরলিন্স, মনরো, ওয়েইন, কায়ুগা এবং ওসওয়েগো এবং জেফারসন এবং সেন্ট লরেন্স), স্থানীয় অগ্রাধিকার, ঝুঁকিপূর্ণ পরিকাঠামো এবং অন্যান্য সম্পদ এবং জননিরাপত্তা সংক্রান্ত উদ্বেগ চিহ্নিত করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। REDI-এর মাধ্যমে লেক অন্টারিও এবং সেন্ট লরেন্স নদীর বন্যা প্রবণ অঞ্চলের টেকসইতা উন্নত করতে স্টেট 300 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে।

2019 সালের বসন্তে স্টেটের REDI প্রকল্প প্রতিষ্ঠার সময় থেকে এখন পর্যন্ত REDI এর অর্থায়নে 134-টি স্থানীয় ও আঞ্চলিক প্রকল্প পরিচালিত হচ্ছে, যার মধ্যে 82-টি প্রকল্প নকশা প্রণয়নের পর্যায়ে রয়েছে, 17-টি প্রকল্পের নির্মাণ কাজ চলছে, এবং 35-টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।

আরো তথ্য, প্রোজেক্ট প্রোফাইল ও REDI বিষয়ক সংবাদের জন্য, এখানে ক্লিক করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418